সমকাল

তারিখ 07 DEC 2017
পৃষ্ঠা ৫ কলাম ৫

# ৭ মার্চের ভাষণ মানুষের আকাঙ্ক্ষার প্রতিধ্বনি

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

৭ মার্চের ভাষণ স্বীকৃতিলাভ উদযাপন করল শিক্ষা মন্ত্রণালয়। বুধবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করে তারা।

প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, এ দেশের মানুষের হাজার বছরের আকাঙ্ক্ষার প্রকাশ ঘটেছে এ ভাষণে। এ বক্তৃতার দিকনির্দেশনা নানাভাবে কাজ করেছে।

অন্যদের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর-রশিদ, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামান বক্তব্য দেন। 'বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে অন্তর্ভুক্তির প্রেক্ষাপট' শীর্ষক পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মো. মনজুর হোসেন।